# যাকাত

## বঞ্চিত মানুষের অধিকার



center for zakat management

CZM

সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট (সিজেডএম)




তাদের মালামাল থেকে যাকাত গ্রহণ কর যাতে তুমি সেগুলোকে
এর মাধ্যমে পবিত্র এবং বরকতময় করতে পার। সূরাহ তাওবাহ ঃ ১০৩

**প্রকাশক**

সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট (সিজেডএম)
১১৩/বি তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮
ফোনঃ +৮৮০২ ২২২২ ৯৮২৫৫, +৮৮০ ১৭২৯ ২৯৬ ২৯৬
ইমেইল: **info@czm-bd.org**
ওয়েবসাইট: **www.czm-bd.org**

জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ
জমাদিউস সানি ১৪৪৫ হিজরী
পৌষ ১৪৩০ বঙ্গাব্দ

**সম্পাদক**

ড. মোহাম্মদ আইয়ুব মিয়া

**সহযোগী সম্পাদক**

মনির ইবনে হাফিজ ভুঁইয়া

**গ্রাফিক ডিজাইন**

মোঃ হাবিবুর রাহমান রাজু

**প্রকাশনা সহযোগী**

আরমান ইমতিয়াজ
ওয়েছ খান নূর সোহেল
আনোয়ার হোসেন
হাফেজ মোঃ একরামুল ইসলাম
মাশরিফা মান্নান
মোঃ রাকিবুল ইসলাম
মুহাম্মদ ফখরুল ইসলাম

**প্রিন্টার্স**

# সূচিপত্র


| | |
|---|---|
| সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট | ০৫ |
| ভিশন ও মিশন | ০৬ |
| উদ্দেশ্য ও কর্মকৌশল | ০৭ |
| যাকাত বিতরণ কর্মসূচি | ০৮ |
| জীবিকা: আয়বর্ধন ও মানব উন্নয়ন কর্মসূচি | ০৯ |
| ইনসানিয়াত: জরুরী মানবিক সহায়তা কর্মসূচি | ১০ |
| ফেরদৌসি: দুঃস্থ নারী ও শিশুদের স্বাস্থ্যসেবা কর্মসূচি | ১১ |
| গুলবাগিচা: সুবিধাবঞ্চিত শিশুদের জন্য শিক্ষা ও পুষ্টি সহায়তা কর্মসূচি | ১২ |
| জিনিয়াস: স্নাতক পর্যায়ের অসচ্ছল ও মেধাবী শিক্ষার্থীদের জন্য বৃত্তি কর্মসূচি | ১৩ |
| নৈপুন্য বিকাশ: দরিদ্র বেকার যুবকদের জন্য কারিগরি প্রশিক্ষণ ও কর্মসংস্থান কর্মসূচি | ১৪ |
| দাওয়াহ: সচেতনতা সৃষ্টি ও উদ্বুদ্ধকরণ কর্মসূচি | ১৫ |
| সাংগঠনিক কাঠামো ও নেতৃত্ব: উপদেষ্টা পরিষদ | ১৬ |
| গভর্নিং বোর্ড | ১৭ |
| শরী'য়াহ সুপারভাইজরি বোর্ড | ১৮ |
| সিজেডএম তহবিলের উৎস | ১৯ |
| আর্তমানবতার সেবায় অংশগ্রহণ করতে পারেন আপনিও | ২০ |
| স্বচ্ছতা ও জবাবদিহিতা | ২১ |
| যাকাত ব্যবস্থাপনা সেবা: এক যুগ পেরিয়ে | ২২ |
| সিজেডএম কর্মতৎপরতার সংক্ষিপ্তসার | ২৩ |
| সিজেডএম কার্যক্রমের মাইলফলক | ২৪-২৫ |
| প্রকাশনা | ২৬ |
| সিজেডএম অনলাইন এক্সেস | ২৭ |
| যাকাতভিত্তিক প্রকল্প ব্যয়ের প্রাক্কলন | ২৮ |

# যাকাত দিলে সম্পদ পরিশুদ্ধ ও প্রবৃদ্ধি হয়



# সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট

সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট ২০০৮ সালের ১৪ সেপ্টেম্বর একটি অলাভজনক স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান হিসেবে সোসাইটিজ রেজিষ্ট্রেশন এ্যাক্টের অধীনে রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্ম কর্তৃক নিবন্ধিত হয়। সামষ্টিক উদ্যোগে শরীয়াহভিত্তিক যাকাতের প্রাতিষ্ঠানিক ব্যবস্থাপনার লক্ষ্যে সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট সুনির্দিষ্ট উদ্দেশ্য, কর্মকৌশল ও কর্মপদ্ধতি নির্ধারণ করেছে। একটি সাংগঠনিক কাঠামোসহ উপযুক্ত ও দক্ষ জনবল নিয়োগ, পরিকল্পিত প্রকল্প প্রণয়ণ, সিদ্ধান্ত গ্রহণ এবং আর্থিক ব্যবস্থাপনায় স্বচ্ছতা ও জবাবদিহিতার ব্যবস্থা করা হয়েছে। যাকাত সংস্থার সার্বিক কার্যক্রম পরীক্ষা ও পর্যালোচনান্তে BQSR Quality Assurance (Pvt.) Ltd. - থেকে ISO 9001:2015 সার্টিফিকেট প্রদান করা হয়েছে।



27/08

Certificate of Registration of Societies
(Act XXI of 1860)


No. S- 8256(27)/08 of 20

I hereby certify that CENTER FOR ZAKAT MANAGEMENT has this day been registered under the societies Registration Act, XXI of 1860.

Given under my hand at Dhaka this Fourteenth day of September two thousand and eight.

Registrar of Joint Stock Companies & Firms,
Bangladesh.

J.S.C.-36
B.G.P.2007/08-4440F—25,000 copies, 2008.



BQSR

CERTIFICATE

This is to certify that the
Quality Management System of

CENTER FOR ZAKAT MANAGEMENT
Head Office: House 26, Road 7, Block-C, Niketon, Gulshan-1, Dhaka-1212, Bangladesh.

has been assessed and found to conform to the requirements of

ISO 9001:2015

This Certificate is valid for the following scope:
Mobilization & Effective Distribution Of Zakat Ordinand By Allah SWT as an Economic Tool For Bringing Prosperity to the Needy. The Programs are Emergency Humanitarian Assistance, Livelihood & Human Development, Micro Enterprise, Vocational Training & Employment for Poor Youth, Healthcare Programs for Distressed Women & Children, Scholarship Program for Undergraduate Students along with Motivational Programs.

| | |
|---|---|
| Certificate No. | :BQSR21728 |
| Registration Date | :11/02/2023 |
| Issue Date | :14/02/2023 |
| Expiry Date | :10/02/2026 |
| Recertification Date | :10/02/2026 |

Director

BQSR QUALITY ASSURANCE PVT. LTD.
Key Location: 185 Broadway, Ste 210 Hicksville, New York NY 11801, USA
Operations Office: D 303, 104-108, Nisarg Plaza, Wakad, Pune - 411057. | Web: www.bqsrcert.com
Accredited by IAS (3060 Saturn Street, Suite 100, Brea, California 92821 U.S.A.)

IAS ACCREDITED
IAF

For verification and updated information concerning the present certificate, please visit www.bqsrcert.com The Certificate is valid for period of 3 years subject to satisfactory annual surveillance audit. This Certificate is the property of BQSR Quality Assurance Pvt. Ltd. & shall be returned immediately when demanded.

# ভিশন

মহান আল্লাহ রাব্বুল আলামীনের নির্দেশিত বাধ্যতামূলক যাকাতের বিধান প্রচার ও বাস্তবায়নের মাধ্যমে আল্লাহর সন্তুষ্টি অর্জন করা।



# মিশন

ইসলামের নির্দেশনা অনুযায়ী সম্পদের সুষম বণ্টনের মাধ্যমে আর্থ-সামাজিক দারিদ্র্যমুক্ত ও ন্যায়ভিত্তিক একটি সমৃদ্ধ সমাজ গড়ে তোলা।




## উদ্দেশ্য

- ইসলামের বিধি-বিধান অনুসারে যথাযথভাবে যাকাত আদায়ের বিষয়ে বিত্তবান মুসলমানদের মধ্যে সচেতনতা সৃষ্টি করা;
- পবিত্র কুরআন ও সুন্নাহর নির্দেশনার আলোকে যাকাত তহবিল সংগ্রহ এবং প্রাতিষ্ঠানিক ব্যবস্থাপনার মাধ্যমে তার বিতরণ ও সদ্ব্যবহার নিশ্চিত করা;
- যাকাতকে সমাজের সমৃদ্ধি ও দারিদ্র্য বিমোচনের অন্যতম কার্যকর কর্মকৌশল হিসেবে প্রতিষ্ঠা করা;
- যাকাত আদায়, বিতরণ ও সদ্ব্যবহারের উদ্দেশ্যে একটি প্রাতিষ্ঠানিক প্লাটফর্ম গড়ে তোলার জন্য কাজ করা।



## কর্মকৌশল

- সম্পদের সুষম বণ্টনের উদ্দেশ্যে যাকাত, ওয়াক্ফ ও সাদাকাহ্/অনুদান তহবিল গড়ে তোলার জন্য সামাজিক উদ্যোগ গ্রহণ;
- যাকাত, ওয়াক্ফ ও সাদাকাহ্/অনুদান ব্যবহারের মাধ্যমে নির্দিষ্ট সুফল লাভের জন্য সমন্বিত সুপরিকল্পিত কর্মকৌশল গ্রহণ;
- স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করাসহ যাকাত সংগ্রহ, বিতরণ ও কার্যকরভাবে ব্যবহারের উদ্দেশ্যে প্রাতিষ্ঠানিকভাবে ব্যবস্থাপনা সেবা প্রদান;
- শরীয়াহর বিধিবিধানের অনুসরণ নিশ্চিতকরণ।



# যাকাত বিতরণ কর্মসূচি

**জীবিকা**
আয়বর্ধন ও মানব উন্নয়ন কর্মসূচি

**ইনসানিয়াত**
জরুরি মানবিক সহায়তা কর্মসূচি

**ফেরদৌসি**
দু:স্থ নারী ও শিশুদের স্বাস্থ্যসেবা কর্মসূচি

**দাওয়াহ**
সচেতনতা সৃষ্টি ও উদ্বুদ্ধকরণ কর্মসূচি

**জিনিয়াস**
স্নাতক পর্যায়ের অসচ্ছল ও মেধাবী শিক্ষার্থীদের জন্য বৃত্তি কর্মসূচি

**গুলবাগিচা**
সুবিধাবঞ্চিত শিশুদের জন্য শিক্ষা ও পুষ্টি সহায়তা কর্মসূচি

**নৈপূন্য বিকাশ**
দরিদ্র বেকার যুবকদের জন্য কারিগরি প্রশিক্ষণ ও কর্মসংস্থান কর্মসূচি

jeebika

# জীবিকা: আয়বর্ধন ও মানব উন্নয়ন কর্মসূচি

**উদ্দেশ্য:** কোন জনপদের দরিদ্র জনগোষ্ঠীর টেকসই আর্থ-সামাজিক উন্নয়নে এই কর্মসূচি বাস্তবায়ন করা হয়।

**কর্মকৌশল:** প্রাথমিক পর্যায়ে জরিপ পরিচালনার মাধ্যমে চিহ্নিত দরিদ্র পরিবারগুলোর ২৫-৩০ জন যাকাত গ্রহণকারীকে নিয়ে এক-একটি তৃণমূল সংগঠন গঠন করা হয়। তারা একটি যৌথ ব্যাংক হিসাব খোলে এবং সেখানে পরিবারপিছু নির্দিষ্ট পরিমাণ যাকাতের অর্থ হস্তান্তর করা হয়। পাশাপাশি তাদরেকে একটি সঞ্চয় তহবিল গঠনে সহায়তা ও পরামর্শ দেয়া হয়।

**কার্যক্রম:** দলের সদস্যরা পরামর্শের ভিত্তিতে নিজস্ব গ্রুপ তহবিল থেকে বিনা চার্জে বিনিয়োগ নিয়ে তা কোনো উপযুক্ত ব্যবসায়ে বিনিয়োগ করে। শরীয়াহ্ নির্দেশিত পদ্ধতিতে ব্যবসা করে সদস্যরা মুনাফার সিংহভাগ পারিবারিক কাজে লাগায় এবং একটি অংশ সঞ্চয় তহবিলে জমা করে। এছাড়াও সমন্বিত এ কর্মসূচির আওতায় সদস্যদের স্বাস্থ্যসেবা, পয়ঃনিষ্কাশন ও বিশুদ্ধ পানি, শিশু ও বয়স্ক শিক্ষা, দক্ষতা প্রশিক্ষণ, সচেতনতা বৃদ্ধি ইত্যাদি সেবা প্রদান করা হয়। সকলে সম্মিলিতভাবে একটি সৌহার্দ্যময় সমাজ গঠনে ব্রতী হয়।

আমাদের Corporate Initative for Poverty Alleviation (CIPA) নীতির আওতায় কোন কর্পোরেট ব্যবসা প্রতিষ্ঠান এক বা একাধিক জীবিকা প্রকল্পের স্পন্সর (উদ্যোগী) হতে পারে।

**আলোকপাত:**

- টেকসই আর্থ-সামাজিক উন্নয়ন
- হতদরিদ্র পরিবার নির্বাচন
- যৌথ ব্যাংক হিসাব খোলা
- যাকাত তহবিল হস্তান্তর
- সঞ্চয় তহবিলকে উৎসাহিত করা
- তৃণমূল সংগঠন (জিআরও)
- কর্পোরেট ইনিশিয়েটিভ ফর পোভার্টি এলিভিয়েশন (সিআইপিএ)

# ইনসানিয়াত: জরুরি মানবিক সহায়তা কর্মসূচি

**উদ্দেশ্য:** বিভিন্ন কারণে যেমনঃ বয়বৃদ্ধ অবস্থা, দীর্ঘস্থায়ী রুগ্নতা, পঙ্গুত্ব ইত্যাদি কারণে কোনো কোনো পরিবারে উপার্জনক্ষম কেউ থাকে না। আবার প্রাকৃতিক দুর্যোগ, রোগ-শোক, বার্ধক্য, বিধবা, এতিম হওয়া ইত্যাদি নানাবিধ আকস্মিক বিপদ-আপদ মানব জীবনকে সহসাই বিপন্ন করে তোলে। এরূপ পরিস্থিতিতে সহায়তার হাত বাড়িয়ে দেয়ার লক্ষ্যে সিজেডএম বাস্তবায়ন করছে ইনসানিয়াত কর্মসূচি।

**কর্মকৌশল:** এ কর্মসূচির আওতায় অনুৎপাদনশীল পরিবার তথা বিপদগ্রস্থ মানুষকে খাদ্য সরবরাহ, জরুরি চিকিৎসা, পুনর্বাসন, ঋণ পরিশোধে সহায়তা ইত্যাদি প্রয়োজনে আর্থিক বরাদ্দ প্রদান করা হয়।

**কার্যক্রম:** ঝুঁকিপূর্ণ পরিবারের জটিল রোগে আক্রান্ত রোগীদের সুচিকিৎসার জন্য বিশেষায়িত হাসপাতালে প্রেরণ, ঋণগ্রস্ত ব্যক্তিকে ঋণ পরিশোধে জরুরি আর্থিক সহায়তা, প্রাকৃতিক দুর্যোগে পুনর্বাসন সহায়তা, জীবিকার ব্যবস্থা করা, খাদ্য সহায়তা, বস্ত্র, বাসস্থান, শিক্ষা ইত্যাদি খাতে যাকাতের অর্থ বিতরণ করা হয়।

**আলোকপাত:**

- দু:স্থদের খাদ্য ও আর্থিক সহায়তা
- প্রাকৃতিক দুর্যোগ এবং অসুস্থতার জন্য ঝুঁকি ব্যবস্থাপনা
- জরুরি চিকিৎসা, পুনর্বাসন, ঋণ পরিশোধ
- শীতবস্ত্র বিতরণ
- শিশুদের জন্য শিক্ষা সহায়তা
- শারীরিক প্রতিবন্ধী/বয়স্কদের বিশেষ সহায়তা

ferdousi

# ফেরদৌসি: দুঃস্থ নারী ও শিশুদের স্বাস্থ্যসেবা কর্মসূচি

**উদ্দেশ্য:** প্রয়োজনীয় স্বাস্থ্যসেবা লাভ করা মানুষের অন্যতম একটি মৌলিক অধিকার; তাই বাংলাদেশের দরিদ্র নারী ও শিশুদের স্বাস্থ্যসেবা প্রদান এবং তাদেরকে স্বাস্থ্য বিষয়ে সচেতনতা সৃষ্টি করা এই কর্মসূচির উদ্দেশ্য।

**কর্মকৌশল:** অবহেলিত নারী ও শিশুদের দোরগোড়ায় প্রাথমিক স্বাস্থ্যসেবা কেন্দ্র প্রতিষ্ঠা করে বিনামূল্যে বা স্বল্প খরচে চিকিৎসা সেবা ও ঔষধ প্রদান করা। চিকিৎসা সেবার পাশাপাশি পয়ঃনিস্কাশন ও নিরাপদ পানি ব্যবহারের ব্যাপারে সচেতনতা সৃষ্টি করা।

**কার্যক্রম:** আধুনিক সুযোগ-সুবিধাসহ স্থাপিত স্বাস্থ্য কেন্দ্রে পেশাদার চিকিৎসক ও স্বাস্থ্য-সহকারী নিয়োগ করে মানসম্মত সেবা প্রদান করা। বিশেষ করে প্রসূতি ও গর্ভবতী মায়েদের তথা দরিদ্র মহিলা এবং শিশুদের প্রতি বিশেষ যত্ন নেয়া। এ ছাড়া বিশুদ্ধ খাবার পানির নিশ্চয়তার জন্য নলকূপ স্থাপন ও প্রতি বাড়িতে স্লাব ল্যাট্রিনের ব্যবস্থা করা।

**আলোকপাত:**

- প্রাথমিক স্বাস্থ্যসেবা
- বিনামূল্যে ঔষধ প্রদান ও সচেতনতা তৈরি করা
- পেশাদার ডাক্তার এবং স্বাস্থ্য সহকারীর মাধ্যমে সেবা প্রদান
- দু:স্থ মহিলা ও শিশুদের বিশেষ যত্ন
- নিরাপদ পানি ও স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন স্থাপন
- জরুরি ও রেফারেল সেবা
- প্রসুতি ও গর্ভবতী মায়েদের স্বাস্থ্যসেবা

# গুলবাগিচা: সুবিধাবঞ্চিত শিশুদের জন্য শিক্ষা ও পুষ্টি সহায়তা কর্মসূচি

**উদ্দেশ্য:** সুবিধা-বঞ্চিত ও অসহায় শিশুদের শিক্ষা, পুষ্টি তথা জীবনমান উন্নয়ন।
কর্মকৌশলঃ নিজস্ব ও যৌথ উদ্যোগে শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষা কেন্দ্র গড়ে তুলে সুবিধাবঞ্চিত ও অসহায় শিক্ষার্থীদের যুগোপযোগী ও নৈতিক শিক্ষা প্রদান এবং তাদের পুষ্টির অভাব পূরণে কার্যক্রম গ্রহন।

**কর্মকৌশল:** প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষালাভের উপযোগী শিশুদের নৈতিক ও যুগোপযোগী-শিক্ষা প্রদান ও তাদের পুষ্টির অভাব পূরণে সহায়তা করা।

**কার্যক্রম:** ক) সারাদেশে প্রকল্প পর্যায়ে ৪-৬ বছর বয়সী শিশুদের জন্য ২ বছর মেয়াদি প্রাক-প্রাথমিক শিক্ষা ও পুষ্টি কার্যক্রম, প্রাথমিক, মাধ্যমিক/দাখিল পর্যায়ে উন্নত পরিবেশে আবাসিক/ অনাবাসিক ব্যবস্থাপনায় বাংলা ও ইংরেজি ভার্সনে মানসম্মত ও নৈতিক শিক্ষার ব্যবস্থা।
খ) ঢাকা শহরে ২২ টি হিফজ মাদরাসায় আবাসিক ব্যবস্থাপনায় হিফজের পাশাপাশি প্রাথমিক পর্যায়ের শিক্ষা প্রদানের ব্যবস্থা।
গ) হিফজ সম্পন্নকারী এ সকল অসচ্ছল ও সুবিধাবঞ্চিত হাফেজ-এ-কোরআন শিক্ষার্থীদের ইসলামিক স্কলার হিসেবে গড়ে তোলার লক্ষ্যে এইচ এস সি ও আলিম পাশ করার পর বিশ্বের বিভিন্ন স্বনামধন্য বিশ্ববিদ্যালয়ে ভর্তির ও পড়াশুনা চালিয়ে যাওয়ার সহায়তা প্রদান করা হয়।
ঘ) ইয়াতিম মেয়ে শিশুদের শিক্ষা, পুষ্টি ও জীবনমান উন্নয়নের জন্য আবাসিক বিদ্যালয় স্থাপন।

**আলোকপাত:**

- প্রাথমিক থেকে উচ্চ মাধ্যমিক/আলিম পর্যায়ে শিক্ষা প্রদান
- মাধ্যমিক পর্যায়ে আবাসিক সুবিধা
- নৈতিক ও ধর্মীয় শিক্ষা প্রদান
- অস্বচ্ছল শিক্ষার্থীর জন্য ১০০% বৃত্তির ব্যবস্থা
- শিক্ষার্থীদের ইংরেজি ও কোরআনিক ভাষা শিক্ষা
- হাফেজদের হেফ্জ সংরক্ষণে বিশেষ ব্যবস্থা
- পুষ্টি ও স্বাস্থ্য উন্নয়নে সহায়তা
- শিশুদের জীবনযাত্রার মান উন্নয়ন

# জিনিয়াস: স্নাতক পর্যায়ের অসচ্ছল ও মেধাবী শিক্ষার্থীদের জন্য বৃত্তি কর্মসূচি

**উদ্দেশ্য:** সরকারি বিশ্ববিদ্যালয় ও মেডিক্যাল কলেজসমূহের অসচ্ছল মেধাবী শিক্ষার্থীদের স্বাচ্ছন্দ্যে লেখাপড়া ও যোগ্যতা বিকাশের মাধ্যমে উপযুক্ত ক্যারিয়ার গঠনের পাশাপাশি নৈতিকতা ও মূল্যবোধ সম্পন্ন মানুষ হিসেবে গড়ে উঠতে সহায়তা করা।

**কর্মকৌশল:** শিক্ষার্থীদের আর্থিক অবস্থা ও অন্যান্য ঝুঁকিগুলো বিবেচনায় রেখে সঠিকভাবে প্রার্থী বাছাই, তাদেরকে প্রয়োজনমাফিক আর্থিক সহায়তা ও ক্যারিয়ার গঠনে সহায়ক কোর্স পরিচালনা ও কাউন্সেলিং করা।

**কার্যক্রম:** স্নাতক পর্যায়ে প্রথম ২ বছর ৬ মাস মাসিক বৃত্তি প্রদান, উপযুক্ত ক্যারিয়ার গঠন ও নৈতিক শিক্ষা অর্জনে সহায়ক বিভিন্ন প্রশিক্ষণ কোর্স পরিচালনা ও কাউন্সেলিং করা। এছাড়া তাদেরকে জীবনমান উন্নয়নে বাস্তবায়নাধীন সিজেডএম কর্মসূচির সাথে সম্পৃক্ত করে মানবসেবায় উৎসাহিত করা।

**আলোকপাত:**

- স্নাতক পর্যায়ে মেধাবী সুবিধাবঞ্চিত শিক্ষার্থীদের বৃত্তি প্রদান
- ক্যারিয়ার গঠন ও নৈতিক শিক্ষা অর্জনে বিভিন্ন কোর্স পরিচালনা
- চাহিদা অনুযায়ী আর্থিক সহায়তা প্রদান
- আত্মবিশ্বাস তৈরির জন্য কাউন্সেলিং

# নৈপুন্য বিকাশ: দরিদ্র বেকার যুবকদের জন্য কারিগরি প্রশিক্ষণ ও কর্মসংস্থান কর্মসূচি

**উদ্দেশ্য:** সমাজের সুবিধা-বঞ্চিত বেকার যুবক ও যুব মহিলাদের কর্মসংস্থানের জন্য সক্ষম করে তোলা।

**কর্মকৌশল:** যেসব যুবক ও যুব মহিলা আর্থিক সংকটের কারণে লেখাপড়া বন্ধ করে দিয়ে বেকার জীবন-যাপন করছে তাদের জন্য বৃত্তিমূলক প্রশিক্ষণের ব্যবস্থা ও কর্মসংস্থানের সুযোগ করে দেয়া।

**কার্যক্রম:** সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট বিভিন্ন কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে বিভিন্ন ট্রেডে কারিগরি ও বৃত্তিমূলক প্রশিক্ষণের কর্মসূচি বাস্তবায়ন করছে। এ উদ্দেশ্যে প্রশিক্ষণার্থীদেরকে টিউশন ফি, পরীক্ষা ও ল্যাব ফি এবং খাওয়া বাবদ বৃত্তি প্রদান করে থাকে। প্রশিক্ষণ শেষে চাকরি অথবা আত্মকর্মসংস্থানের জন্য পুঁজি সরবরাহ করা হয়।

**আলোকপাত:**

- উপযুক্ত কর্মসংস্থানের জন্য দক্ষ জনবল তৈরি
- বেকার দরিদ্র যুবক ও যুব মহিলাদের কারিগরি প্রশিক্ষণ প্রদান
- স্কুল-ঝড়ে পড়া বেকার তরুণ-তরুণীদের প্রশিক্ষণ প্রদান
- প্রশিক্ষণের জন্য মাসিক বৃত্তি প্রদান
- উপযুক্ত পেশা নির্বাচনে সহায়তা প্রদান

# দাওয়াহ: সচেতনতা সৃষ্টি ও উদ্বুদ্ধকরণ কর্মসূচি

**উদ্দেশ্য:** দাওয়াহ কর্মসূচির প্রধান উদ্দেশ্য হলো ইসলামের অন্যতম মৌলিক ইবাদত যাকাত সম্পর্কে মুসলমানদের সচেতনতা বৃদ্ধি করা। এ ছাড়া সঠিকভাবে যাকাতের হিসাব নিরূপন করে শরীয়াহ্‌সম্মতভাবে সুষ্ঠু পদ্ধতিতে বিতরণের ব্যাপারে উৎসাহ প্রদান করা, যাতে দারিদ্র্য বিমোচন ও মানব উন্নয়নে যাকাত কার্যকর অবদান রাখতে পারে।


**কর্মকৌশল:** যাকাতের বিষয়ে জনগণকে সচেতন করতে আধুনিক সকল প্রযুক্তি ও মাধ্যম ব্যবহার করে প্রচারণা চালানো।

**কার্যক্রম:** দাওয়াহ কর্মসূচির মধ্যে রয়েছে যাকাত ফেয়ার, সেমিনার, গোলটেবিল বৈঠক, ওয়ার্কশপ, প্রশিক্ষণ, কর্পোরেট মিটিং ইত্যাদি আয়োজন করা এবং চিঠি ও ই-মেইল বার্তা, ওয়েবসাইট, সোস্যাল মিডিয়া, লিফলেট, বিলবোর্ড, টিভি ও পত্রিকায় বিজ্ঞাপন ইত্যাদির মাধ্যমে যাকাত সম্পর্কে মানুষকে উদ্বুদ্ধ করা।

**আলোকপাত:**

- যাকাতকে ধর্মীয় দায়িত্ব হিসেবে প্রচার করা
- যোগাযোগের আধুনিক মাধ্যম/সরঞ্জামের ব্যবহার
- যাকাতের নিয়ম-কানুন শিক্ষা
- যাকাতের সঠিক হিসাব নিরূপন
- যাকাত ব্যবস্থাপনার প্রাতিষ্ঠানিকীকরণ

# সাংগঠনিক কাঠামো ও নেতৃত্ব
## উপদেষ্টা পরিষদ



যাকাতের মাধ্যমে সমাজের বিত্তবানদের থেকে গরিবদের নিকট সম্পদ হস্তান্তর হয়। ফলে, ধনী-গরিবের মাঝে সহযোগিতা, সহমর্মিতা তৈরি হয় এবং সর্বোপরি সমাজে শান্তি প্রতিষ্ঠিত হয়। আল্লাহ্ সুবহানাহু তায়ালার এই বিধানের লঙ্ঘনের ফলে অর্থনৈতিক ভারসাম্য নষ্ট হয় এবং শান্তি বিঘ্নিত হয়। সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট (সিজেডএম) বাংলাদেশে যাকাত প্রতিষ্ঠার জন্য নিরলসভাবে কাজ করে যাচ্ছে। দেশের সর্বশ্রেণীর মানুষ বিশেষভাবে বিত্তবান মুসলিমদেরকে এ মুবারক কাজে সনির্বন্ধ অংশগ্রহণ করার জন্য আহবান করছি।

**বিচারপতি মোহাম্মদ আব্দুর রউফ**
কনভেনার



**লে. জে. (অব:) এম নুরুদ্দীন খান**
সদস্য



**প্রফেসর ওয়াহিদউদ্দিন মাহমুদ**
সদস্য



**আব্দুল মুয়ীদ চৌধুরী**
সদস্য



**ড. হোসেন জিল্লুর রহমান**
সদস্য



**ড. সালেহউদ্দিন আহমেদ**
সদস্য



**মাহবুবুর রহমান**
সদস্য



**সালাহউদ্দিন কাসেম খান**
সদস্য



**কে. এম. রেজাউল হাসানাত**
সদস্য



**রেজাউল করিম**
সদস্য



**ড. মোহাম্মাদ মহসিন**
সদস্য



**নুরুল ফজল বুলবুল**
সদস্য



**আবুল কাসেম খান**
সদস্য



**ফিরোজ রহিম**
সদস্য

# গভর্নিং বোর্ড



দারিদ্র্য বিমোচন ও সম্পদের ইনসাফপূর্ণ বণ্টনের মাধ্যমে সুশৃঙ্খল ও শান্তিপূর্ণ সমাজ গঠনের জন্য যাকাত একটি ভারসাম্যপূর্ণ অর্থনৈতিক ব্যবস্থা। গত ১৫ বছরে আয়বর্ধন ও মানব উন্নয়ন, শিক্ষা, স্বাস্থ্য ও জরুরি মানবিক সহায়তা, সচেতনতা সৃষ্টি ও উদ্বুদ্ধকরণসহ নানাবিধ কর্মসূচি বাস্তবায়ন করে সিজেডএম তার উদ্দেশ্য কিছুটা হলেও অর্জন করতে সক্ষম হয়েছে। মহান আল্লাহ্ আমাদেরকে এই কাজটি চালিয়ে যাওয়ার তৌফিক দান করুন।

**নিয়াজ রহিম**
চেয়ারম্যান



**সাকিফ আরিফ তাবানি**
ভাইস চেয়ারম্যান



**এ এম এম নাসির উদ্দিন**
সদস্য



**ড. মোহাম্মদ আইয়ুব মিয়া**
জেনারেল সেক্রেটারি



**ড. মোহাম্মদ আবদুল মজিদ**
সদস্য



**আরাস্তু খান**
কোষাধ্যক্ষ



**মিজ জিনাত ইসলাম**
সদস্য



**মোঃ মুজিবুর রহমান**
সদস্য



**ড. শেখ আব্দুর রশিদ**
সদস্য



**মুনাওয়ার মিসবাহ মঈন**
সদস্য



**ড. মোহাম্মদ মানজুরে ইলাহী**
সদস্য

# শরী'য়াহ সুপারভাইজরি বোর্ড



ঈমান এবং সালাতের পরই যাকাতের স্থান। আল্লাহ্ সুবহানাহু তায়ালা কুরআনে ২৮ টি স্থানে সালাতের পরই যাকাতের আদায় করার নির্দেশ দিয়েছেন। যাকাত আদায় না করার পরিণতি অত্যন্ত ভয়াবহ। কুরআন এবং হাদিসে এ বিষয়ে কঠিন হুঁশিয়ারি এসেছে। অত্যন্ত পরিতাপের বিষয় এই যে বাংলাদেশের অধিকাংশ মুসলিম যাকাত সম্পর্কে সচেতন নন। আলহামদুলিল্লাহ, যাকাত সম্পর্কে বাংলাদেশের মুসলিমদেরকে সচেতন করার জন্য সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট যে উদ্যোগ নিয়েছে এটি প্রশংসনীয়। আল্লাহ্ সুবহানাহু তায়ালা এই প্রতিষ্ঠানকে কবুল করুক।

**ড. মোহাম্মদ মানজুরে ইলাহী**
কনভেনার



**ড. মোহাম্মদ আইয়ুব মিয়া**
সদস্য সচিব



**প্রফেসর এম মুজাহিদুল ইসলাম**
সদস্য



**প্রফেসর ড. আ ক ম আব্দুল কাদের**
সদস্য



**মুফতি ওবায়দুল্লাহ হামজা**
সদস্য



**মাওলানা শাহ মোঃ ওয়ালী উল্লাহ**
সদস্য



**মুফতি শাহেদ রহমানী**
সদস্য



**প্রফেসর মোখতার আহমেদ**
সদস্য



**ড. জুবাইর মোহাম্মাদ এহসানুল হক**
সদস্য

# সিজেডএম তহবিলের উৎস

- যাকাত
- সাদাকাহ
- ওয়াক্ফ ও ক্যাশ ওয়াক্ফ
- অনুদান
- অন্যান্য

## আর্তমানবতার সেবায়
## অংশগ্রহণ করতে পারেন আপনিও

## একাউন্ট নং

AC Name: Center for Zakat Management
Account No. 0112003496028
EXIM Bank of Bangladesh Ltd.
Routing Number: 100272691
SWIFT Code(BIC): EXBKBDDH039

## মোবাইল পেমেন্ট সার্ভিস

মার্চেন্ট নং. **+880 1729 296 296**

**Online Payment:**
**www.czm-bd.org/pay_zakat/**

# স্বচ্ছতা ও জবাবদিহিতা

সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট (সিজেডএম) হচ্ছে একটি দরিদ্রবান্ধব সামাজিক প্রতিষ্ঠান। মহান আল্লাহ রাব্বুল আলামীন কর্তৃক ফরজ বা অবশ্য পালনীয় কর্তব্য হিসেবে যাকাতের তাৎপর্য সকলের কাছে তুলে ধরা এবং যাকাত তহবিল সংগ্রহ করে তা বঞ্চিত মানুষের প্রয়োজনে বিতরণ করার কাজে নিয়োজিত এক অনন্য প্রতিষ্ঠান। যাকাত ব্যবস্থাপনা প্রাতিষ্ঠানিকভাবে আঞ্জাম দেয়ার লক্ষ্যে সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট (সিজেডএম) সুসংগঠিত ও পরিকল্পিতভাবে যাকাত তহবিল সংগ্রহ ও কার্যকরভাবে তা বিতরণ করছে। সিজেডএম তার কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে নিম্নোক্ত পন্থা অনুসরণ করে থাকে। যেমন:

- ❖ শরীয়াহ্‌র বিধি-বিধান অনুসরণ নিশ্চিত করার জন্য শরীয়াহ্‌ সুপারভাইজরি বোর্ড
- ❖ সিজেডএম-এর একাউন্ট ও কার্যাবলির শরীয়াহ্‌ অডিট সম্পাদন
- ❖ আর্থিক স্বচ্ছতা নিশ্চিত করার জন্য অভ্যন্তরীণ অডিট কমিটি
- ❖ পেশাদার অডিট ফার্ম কর্তৃক বার্ষিক নিরীক্ষিত ব্যাল্যান্স শীট প্রস্তুত করা
- ❖ বার্ষিক নিরীক্ষিত ব্যাল্যান্স শিট ও আর্থিক বিবরণী বার্ষিক সাধারণ সভায় পেশ করা
- ❖ বার্ষিক নিরীক্ষিত ব্যাল্যান্স শীট ও আর্থিক বিবরণী সিজেডএম-এর ওয়েবসাইটে আপলোড করা
- ❖ যাকাত বিতরণের ত্রৈমাসিক হিসাব বিবরণী সকল যাকাত দাতার কাছে প্রেরণ
- ❖ যাকাত ও অন্য তহবিল সঠিকভাবে বরাদ্দের জন্য স্বতন্ত্র যাকাত বিতরণ কমিটি
- ❖ সিজেডএম-এর হিসাব সংরক্ষণের জন্য আধুনিক সফটওয়্যার ব্যবহার
- ❖ সিজেডএম-এর ওয়েবসাইট, ফেইসবুক ও নিউজলেটার
- ❖ যাকাতগ্রহীতা বাছাই ও নির্বাচনে সম্পূর্ণ স্বচ্ছতার সাথে সুনির্দিষ্ট পদ্ধতি অনুসরণ
- ❖ সকল নীতিগত সিদ্ধান্ত গ্রহণ ও তত্ত্বাবধানে নিয়োজিত সিজেডএম-এর গভর্নিং বোর্ড
- ❖ সিজেডএম-এর প্রকল্প ও অফিস পরিদর্শনের জন্য আগ্রহী ব্যক্তিকে সুযোগ প্রদান




# যাকাত ব্যবস্থাপনা সেবাঃ এক যুগ পেরিয়ে

সিজেডএম মহান আল্লাহ রাব্বুল আলামীন কর্তৃক ফরজ বা অবশ্য পালনীয় কর্তব্য হিসেবে নির্দেশিত যাকাতের তাৎপর্য সকলের কাছে তুলে ধরা এবং যাকাত তহবিল সংগ্রহ করে তা বঞ্চিত মানুষের প্রয়োজনে বিতরণ করার কাজে নিয়োজিত একটি প্রতিষ্ঠান। যাকাত ব্যবস্থাপনা প্রাতিষ্ঠানিকভাবে আঞ্জাম দেয়ার লক্ষ্যে এ প্রতিষ্ঠান সুসংগঠিত ও পরিকল্পিতভাবে যাকাত তহবিল সংগ্রহ ও কার্যকরভাবে তা বিতরণের চেষ্টা করছে। এ সংস্থা যাকাত তহবিল ব্যবহার করে বিভিন্ন ধরনের কর্মসূচি বাস্তবায়ন করে বহু হতদরিদ্র ও বঞ্চিত পরিবারের জীবনমান উন্নয়ন ও স্বাবলম্বী করতে সক্ষম হয়েছে। আল্লাহ্ তায়ালার অসীম রহমতে সিজেডএম ২০০৮ সাল থেকে ২০২৩ সাল পর্যন্ত প্রায় ১৫ লক্ষাধিক সুবিধাবঞ্চিত যাকাত প্রাপককে (মুস্তাহিক) নগদ অর্থ, পণ্য বা সেবা পৌঁছে দিতে সক্ষম হয়েছে।

# সিজেডএম কর্মতৎপরতার সংক্ষিপ্তসার

(২০০৮-২০২৩ খৃ:)

**ইনসানিয়াত**
**জরুরি মানবিক সহায়তা কর্মসূচি**

- খাদ্য সহায়তা
- শীতবস্ত্র
- ঘর নির্মাণ
- ত্রাণ প্রদান ও পুনর্বাসন

**৯০৫৪৫৫**
যাকাত গ্রহীতা

**জীবিকা**
**আয়বর্ধন ও মানব উন্নয়ন কর্মসূচি**

- মুস্তাহিক বাছাই
- মূলধন সহায়তা
- দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ
- আয়বর্ধন কর্মসূচি সেবা

**১৩২৮৩১**
যাকাত গ্রহিতা

**ফেরদৌসি**
**দু:স্থ নারী ও শিশুদের স্বাস্থ্যসেবা কর্মসূচি**

- চিকিৎসা সেবা
- ঔষধ সহায়তা

**২২১৫০২**
যাকাত গ্রহীতা

**গুলবাগিচা**
**সুবিধাবঞ্চিত শিশুদের জন্য শিক্ষা ও পুষ্টি সহায়তা কর্মসূচি**

- প্রাক-প্রাথমিক শিক্ষা
- বৃত্তি প্রদান
- শিক্ষা উপকরণ
- পুষ্টি সহায়তা

**৪২৩৫৩**
যাকাত গ্রহিতা

**জিনিয়াস**
**স্নাতক পর্যায়ের অসচ্ছল ও মেধাবী শিক্ষার্থীদের জন্য বৃত্তি কর্মসূচি**

- সুবিধাবঞ্চিত ছাত্র/ছাত্রীদের বৃত্তি প্রদান
- দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ

**১৫৬৭৪**
বৃত্তিপ্রাপ্ত ছাত্র/ছাত্রী

**নৈপুন্য বিকাশ**
**দরিদ্র বেকার যুবকদের জন্য কারিগরি প্রশিক্ষণ ও কর্মসংস্থান কর্মসূচি**

- কারিগরি প্রশিক্ষণ
- কর্মসংস্থান সহায়তা

**৪৯৪৬**
যাকাত গ্রহিতা

**দাওয়াহ**
**সচেতনতা সৃষ্টি ও উদ্বুদ্ধকরণ কর্মসূচি**

- যাকাত বিষয়ে সচেতনতা সৃষ্টি
- যাকাত পরামর্শ সেবা
- যাকাত হিসাব নিরুপন সেবা

**৪৩৯৩৫৯৫৪**
জন মানুষের কাছে পৌঁছেছে

# সিজেডএম কার্যক্রমের মাইলফলক

## ২০০৮

সোসাইটিজ রেজিস্ট্রেশন এ্যাক্ট-এর আওতায় নিবন্ধিত হয়ে সিজেডএম-এর যাত্রা শুরু

## ২০০৯

সিজেডএম-কে প্রাতিষ্ঠানিক রূপ দেয়ার জন্য সিইও ও অন্যান্য জনবল নিয়োগ ও যাকাত সংগ্রহ শুরু

## ২০১০

- মানিকগঞ্জে ২৫০ পরিবার নিয়ে আয়বর্ধক ও জীবনমান উন্নয়ন কর্মসূচি 'জীবিকা' শুরু
- ঢাকা বিশ্ববিদ্যালয়সহ ঢাকাস্থ ৫টি উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের ৬০ জন সুবিধাবঞ্চিত ছাত্র-ছাত্রীদের নিয়ে 'জিনিয়াস' বৃত্তি কর্মসূচি শুরু

## ২০১১

- ইনসানিয়াত: জরুরি মানবিক সহায়তা কর্মসূচি চালু
- ফেরদৌসি: দু:স্থ নারী ও শিশুদের স্বাস্থ্যসেবা কর্মসূচি চালু
- গুলবাগিচা: শিশুদের জন্য শিক্ষা ও পুষ্টি সহায়তা কর্মসূচি চালু
- দাওয়াহ: যাকাত সম্পর্কে সচেতনতা সৃষ্টি কর্মসূচি চালু

## ২০১২

দরিদ্র বেকার যুবকদের জন্য কারিগরি প্রশিক্ষণ ও কর্মসংস্থান কর্মসূচি 'নৈপূন্য বিকাশ' চালু

## ২০১৩

যাকাত বিষয়ে সচেতনতা তৈরির জন্য প্রথমবারের মত 'যাকাত ফেয়ার' আয়োজন

## ২০১৪

বিশিষ্ট অর্থনীতিবিদ ডঃ হোসেন জিল্লুর রহমান কর্তৃক সিজেডএম-এর 'জীবিকা' কর্মসূচির মূল্যায়নে সন্তোষজনক ফল অর্জন

## ২০১৫

আরব আমিরাত সরকার থেকে আন্তর্জাতিক পুরস্কার **Islamic Economy Award** লাভ

# সিজেডএম কার্যক্রমের মাইলফলক

## ২০১৬

সুবিধাবঞ্চিত শিশুদের জন্য ঢাকার সাভারে 'দি গ্রানাডা স্কুল' প্রতিষ্ঠা

## ২০১৭

- আইডিবি, সিজেডএম ও ইসলামী ব্যাংক বাংলাদেশ কর্তৃক যৌথভাবে ওয়াকফ বিষয়ক আন্তর্জাতিক কনফারেন্সের আয়োজন
- দেশের সকল পাবলিক বিশ্ববিদ্যালয়, প্রকৌশল বিশ্ববিদ্যালয় ও মেডিক্যাল কলেজে 'জিনিয়াস' বৃত্তি কর্মসূচি সম্প্রসারণ
- ওয়ার্ল্ড যাকাত ফোরাম কর্তৃক সিজেড-এম-এর সিইও-কে সংস্থাটির অন্যতম ডেপুটি সেক্রেটারি জেনারেল নিযুক্ত করা

## ২০১৮

কক্সবাজারে আশ্রয় নেয়া রোহিঙ্গাদের মানবিক সহায়তার জন্য ব্যাপক কার্যক্রম বাস্তবায়ন

## ২০১৯

মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক হাওরের দরিদ্র জেলেদের মাঝে ইঞ্জিনচালিত নৌকা ও জাল বিতরণ কর্মসূচি উদ্বোধন

## ২০২০

- নোয়াখালীর সোনাইমুড়ি উপজেলার পৌরসভা এবং সকল ইউনিয়ন 'জীবিকা' কর্মসূচির আওতাভুক্তকরন
- ১০ লক্ষ মানুষের কাছে সিজেডএম সেবা পৌঁছে দেয়ার মাইলফলক অর্জন;
- কোভিড-১৯ এ ক্ষতিগ্রস্থ মানুষদের সহায়তার জন্য ব্যাপক কার্যক্রম বাস্তবায়ন

## ২০২১

সুবিধাবঞ্চিত ছাত্র-ছাত্রীদের জন্য আবাসিক 'দি গ্রানাডা স্কুল, মানিকগঞ্জ' প্রতিষ্ঠা;


## ২০২২


- জিনিয়াস বৃত্তির আওতায় এ পর্যন্ত ১৩০০০ সুবিধাবঞ্চিত ছাত্র-ছাত্রীকে বৃত্তি প্রদান;
- হাওরের দরিদ্র জেলেদের মাঝে ফাইবার গ্লাসের তৈরি নৌকা বিতরণ
- কুমিল্লায় সুবিধাবঞ্চিত ছাত্র-ছাত্রীদের জন্য 'দি গ্রানাডা স্কুল' প্রতিষ্ঠা ও কার্যক্রম শুরু
- খুলনা ও নীলফামারীতে সুবিধাবঞ্চিত ছাত্রীদের জন্য আবাসিক 'দি গ্রানাডা স্কুল' প্রতিষ্ঠার কার্যক্রম শুরু


## ২০২৩


- দরিদ্রদের জন্য ঢাকাস্থ ইবনে সিনা হাসপাতালের মাধ্যমে বিনামূল্যে কিডনি ডায়ালাইসিস সেবা প্রদান কার্যক্রম শুরু
- সিজেডএম কর্তৃক আইএসও সার্টিফিকেট প্রাপ্তি
- বিধবা সহ এতিমদের জন্য সহায়তা কার্যক্রম শুরু

# প্রকাশনা



A Guide to Zakat
Center for Zakat Management (CZM)



যাকাতের বিধিবিধান
সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট (সিজেডএম)



POVERTY GRADUATION THROUGH ZAKAT-BASED PROGRAMS
Post-Project Assessment of the Jeebika Karnaphuli Mohora Project
Complementing the over-arching goal of SDG 2030
LEAVING NO ONE BEHIND
Hossain Zillur Rahman
CZM
PPRC



দারিদ্র্যবিমোচন ও মানবকল্যাণে যাকাত
সিজেডএম-এর ব্যবস্থাপনা কৌশল
Z
Zakat
ড. মোহাম্মদ আইয়ুব মিয়া
সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট (সিজেডএম)


যাকাত ব্যবস্থাপনা ও দারিদ্রবিমোচন কৌশল
মিয়া মুহাম্মাদ আইয়ুব


UNDERSTANDING
BUSINESS ZAKAT
Center for Zakat Management (CZM)


ZAKAT FOR SUSTAINABLE LIVELIHOODS
Innovations in Financial Empowerment
HOSSAIN ZILLUR RAHMAN
CZM
PPRC


ROWSED 2017
Revival of Waqf for Socio-economic Development


12
Years Journey
2008-2020
CZM
Center for Zakat Management (CZM)

# সিজেডএম অনলাইন এক্সেস




## Website
https://czm-bd.org/




## Facebook
https://www.fb.com/czm.org




## YouTube
https://www.youtube.com/
@CenterforZakatManagement



## Istagram
https://www.instagram.com/czmbd/




## Linkedin
https://www.linkedin.com/company/
center-for-zakat-management-czm



## Twitter
https://twitter.com/czmbd

# যাকাতভিত্তিক প্রকল্প ব্যয়ের প্রাক্কলন

আপনি জেনে খুশি হবেন যে, সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট (সিজেডএম) যাকাত তহবিলের যথাযথ ব্যবস্থাপনা সেবা প্রদান করে থাকে। সিজেডএম কর্তৃক পরিচালিত এবং বাস্তবায়িত নিম্নোক্ত প্রকল্পগুলোর মধ্যে আপনিও যেকোনোটিতে অংশগ্রহণ করতে পারেন:

| ক্রম. | প্রকল্প | একক | একক ব্যয় | সেবাসমূহ |
|---|---|---|---|---|
| ১. | **জীবিকা**<br>আয়বর্ধন ও মানব উন্নয়ন কর্মসূচি | পরিবার প্রতি (৫ বছর) | ৳৬০,০০০ | টেকসই আর্থ-সামাজিক উন্নয়ন<br>দরিদ্র পরিবার নির্বাচন<br>যৌথ ব্যাংক হিসাব খোলা<br>যাকাত তহবিল হস্তান্তর<br>সঞ্চয় তহবিলকে উৎসাহিত করা<br>গ্রাস-রুটস অর্গানাইজেশন (জিআরও) |
| ২. | **ইনসানিয়াত**<br>জরুরী মানবিক সহায়তা কর্মসূচি | মাথাপিছু (গড়) | ৳৩৫,০০০ | দু:স্থদের আর্থিক সহায়তা<br>জরুরী চিকিৎসা, পুনর্বাসন, ঋণ পরিশোধ<br>খাদ্য সহায়তা<br>শারীরিক প্রতিবন্ধী/বয়স্কদের বিশেষ সহায়তা |
| ৩. | **ফেরদৌসি**<br>দুঃস্থ নারী ও শিশুদের স্বাস্থ্যসেবা কর্মসূচি | পরিবার প্রতি | ৳২,০০০ | প্রাথমিক স্বাস্থ্যসেবা<br>বিনামূল্যে ঔষধ প্রদান ও সচেতনতা তৈরি করা<br>পেশাদার ডাক্তার এবং স্বাস্থ্য সহকারী<br>দু:স্থ মহিলা ও শিশুদের বিশেষ যত্ন<br>নিরাপদ পানি ও স্বাস্থ্যসম্মত পায়খানা<br>জরুরি ও রেফারেল সেবা |
| ৪. | **জিনিয়াস**<br>স্নাতক পর্যায়ের অসচ্ছল ও মেধাবী শিক্ষার্থীদের জন্য বৃত্তি কর্মসূচি | মাথাপিছু মাসিক | ৳৪,০০০ | স্নাতক পর্যায়ে মেধাবী সুবিধাবঞ্চিত শিক্ষার্থীদের বৃত্তি প্রদান করা<br>ক্যারিয়ার গঠনে বিভিন্ন কোর্স পরিচালনা করা<br>চাহিদা অনুযায়ী আর্থিক সহায়তা প্রদান<br>আত্মবিশ্বাস তৈরির জন্য কাউন্সেলিং সেশন |
| ৫. | **গুলবাগিচা**<br>সুবিধাবঞ্চিত শিশুদের জন্য শিক্ষা ও পুষ্টি সহায়তা কর্মসূচি | মাথাপিছু মাসিক | আবাসিক ৳৯,০০০<br>অনাবাসিক ৳১৮০০ | শিশুদের জীবনযাত্রার মান উন্নয়ন<br>শিক্ষা, খাদ্য ও স্বাস্থ্য সেবা প্রদান<br>প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা প্রদান<br>পুষ্টি উন্নয়নে সহায়তা<br>নৈতিক ও ধর্মীয় শিক্ষা প্রদান |
| ৬. | **নৈপূন্য বিকাশ**<br>দরিদ্র বেকার যুবকদের জন্য কারিগরি প্রশিক্ষণ ও কর্মসংস্থান কর্মসূচি | মাথাপিছু | ৳৩০,০০০ | উপযুক্ত কর্মসংস্থানের জন্য দক্ষ জনবল তৈরি<br>বেকার দরিদ্র যুবকদের কারিগরি প্রশিক্ষণ প্রদান<br>স্কুল-ঝড়ে পড়া বেকার তরুণ-তরুণী প্রশিক্ষণার্থী প্রশিক্ষণের জন্য মাসিক উপবৃত্তি প্রদান<br>উপযুক্ত পেশা নির্বাচনে সহায়তা প্রদান |




center for zakat
management
CZM

সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট (সিজেডএম)
১১৩/বি তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮
ফোনঃ +৮৮০ ২ ৮৮৭০ ৭৭০, +৮৮০ ১৭২৯ ২৯৬ ২৯৬
ইমেইল: info@czm-bd.org
ওয়েবসাইট: www.czm-bd.org